Rs. 1.00

# PRABINBARTA
# প্রবীণবার্তা

MONTHLY

মূল্য : ১টাকা

মাসিক

Vol : II Issue : 1 15th APRIL, 2013 বৈশাখ ১৪২০, বার্ষিক মূল্য-১০টাকা DL RNI No WB BEN 2012 46375



গত ১০ই নভেম্বর ২০১২, শিশু সাহিত্য পরিষদ ও বেথুন ইন্সটিটিউটের যৌথ উদ্যোগে শারদীয় মিলন উৎসবে উপস্থিত দর্শকবৃন্দ।

ছবি : ডাঃ বীরেন মজুমদার

## এক মহান মানুষ

ডাঃ গৌরীপদ দত্ত

ডাঃ হেনরী নর্মান বেথুন একটি প্রাতঃস্মরণীয় নাম, শুধু চিকিৎসক অথবা স্বাস্থ্য কর্মীদের মনেই নয়, সমগ্র মানব মুক্তিকামী ও সমাজসেবীদের জীবনে।

ডাক্তার বেথুন জন্মে ছিলেন কানাডায়, পাশ্চাত্য চিকিৎসা এবং শল্য বিদ্যায় পারদর্শী এই মহান মানুষটি স্বদেশের সেবায় নিজেকে সীমাবদ্ধ রাখেন নি।

শোষিত মানুষের মুক্তির জন্য বৈষম্য-মূলক সমাজ ব্যবস্থা পরিবর্তনের আহ্বানে তিনি তার অর্জিত বিদ্যা ও প্রযুক্তিকে প্রয়োগ করতে ব্রতী হন।

এই মার্গের মানুষদের উদ্দেশ্যেই বিশ্বকবি রবীন্দ্রনাথ লিখে ছিলেন,-'কোন আলোতে প্রাণের প্রদীপ জ্বালিয়ে তুমি ধরায় আসো'।এই প্রদীপ্ত প্রেরণায় কানাডার লব্ধ প্রতিষ্ঠ চিকিৎসক জাগতিক সুখ সমৃদ্ধি বিসর্জন দিয়ে স্পেনের সমাজ-পরিবর্তন কামী সংগ্রামের সৈনিকদের সহযোদ্ধা হিসাবে যোগ দেন। স্পেনের আন্দোলন ম্রিয়মান হ'লে সংগ্রামের নতুন পীঠভূমি মহাচীনের মানব মুক্তি কামী যুদ্ধে সামিল হ'ন।

চিকিৎসক ও শল্যবিদ হিসাবে তাঁর বিবিধ আপৎকালীন প্রযুক্তি প্রয়োগ পদ্ধতি বিজ্ঞানের ভাষায় যাকে বলা হয় 'এ্যাপ্রোপ্রিয়েট টেকনোলজি' বিশ্ব বন্দিত।

ঐ সমস্ত কৃতিত্ব তার অনবদ্য জীবন কাহিনী দি স্কালপেল দি সোর্ডে এ বিস্তারিত ভাবে বর্নিত আছে। দুর্ভাগের বিষয় বইটি এখন দুষ্প্রাপ্য। বর্তমান নিবন্ধকারের থেকে কোন বন্ধু নিয়ে গেছেন। আর ফেরৎ পাওয়া যায়নি।

লেখকের যৌবনে এই পুস্তকটি ছিল তারমত স্বাস্থ্য কর্মীদের প্রেরণায় উৎস।

ডাঃ নর্মান বেথুনের উপস্থিতি চিনের সমাজ পরিবর্তনের যোদ্ধাদের যুদ্ধে অনুপ্রানিত করেছে। তখনকার দিনে এক

যুদ্ধ ধ্বনিওয়ার ক্রাই ছিল

ডাঃ বেথুন আমাদের সঙ্গে আছেন। কমরেড এগিয়ে চল নির্ভয়ে।

ডাঃ বেথুনের বিশ্বাস ছিল একটি মুক্তিকামী যোদ্ধাকে সুস্থ ও সক্রীয় রাখার অর্থ মুক্তি যুদ্ধকে এক ধাপ এগিয়ে দেওয়া, সেই উদ্দেশ্যে তিনি কখনো কখনো দিবা রাত্রি চিকিৎসা চালিয়ে গেছেন, এই সেবা আর্ত মানুষদের পক্ষে অমূল্য সাধারন ভাবে এই সেবা মূলক প্রচেষ্টাই মানুষকে আকৃষ্ট করে। এই আকর্ষনে ডাঃ বেথুনের অসাধারণ কর্মকান্ডের আর একটি দিক অনালোকিত থেকে যায়। সম্ভবত ইচ্ছাকৃত ভাবেই তাঁর সেবামূলক কর্মকান্ডের সমাজ পরিবর্তন মুখী দিকটিকে সাধারণ কর্মী ও মানুষের চিন্তনে প্রকাশিত রাখা হয়েছে।

মানব জীবনে ব্যাক্তি, যে কোন কারনেই হোক এক অবিচ্ছেদ্দ অঙ্গ, তার প্রতিকার অবশ্যই আসু প্রয়োজন, চিকিৎসা তাই স্বাস্থ্য পরিসেবায় - অতি প্রয়োজনীয় অঙ্গ। সমাজ পরিচালনায় সমস্ত-ক্ষেত্রেই প্রয়োজন সুস্থ-সক্ষম মানুষের, তাই সমাজ নিয়ন্তারা, ব্যাধির মূল কারণ যে স্তরীভূত সমাজের অমানবিক বৈষম্য, এই চিন্তাকে প্রচ্ছন্ন রাখতে সচেষ্ট।

প্রকৃত স্বাস্থ্য ব্যবস্থার প্রয়োগ এই বৈষম্য মূলক সমাজ ব্যবস্থার পরিবর্তন ছাড়া সম্ভব নয়।

এখনো বা সর্বকালেই সমাজের উচ্চ কোটি শ্রেণীর মানুষেরা স্বাস্থ্য ও শিক্ষাকে সেবামূলক কাজ হিসাবেই দেখতে এবং দেখাতে সচেষ্ট ভারতবর্ষের রাজ্য এবং কেন্দ্রেও এই দুই অতি প্রয়োজনীয় বিষয়কে 'সোস্যাল সার্ভিস হিসাবে দেখানো আছে। অথচ এই দুটি বিষয়ই শোষন মূলক সমাজ ব্যবস্থা পরিবর্তনের অমোঘ অস্ত্র।

ডাঃ বেথুনের সমস্ত কর্মকান্ডই পরিচালিত হয়েছিল এই সমাজ পরিবর্তনের সংগ্রামকে সফল করতে।

তাঁর জন্ম দিবস পালন করার সময় এই মূল বিষয়টি বিস্মৃত হ'লে তার প্রতি শ্রদ্ধা প্রদর্শন পূর্ণতা পাবে না, সমস্ত সমাজ সেবীদের এবিষয়ে সচেতন ও সোচ্চার হওয়াই তাঁর স্মৃতি সমীক্ষার অন্যতম অর্ঘ্য।

**পশ্চিমবঙ্গে বয়োজেষ্ঠ্যদের উপযোগী কল্যাণ মূলক কিছু প্রকল্প ঃ**

**হেল্প এজ ইন্ডিয়া থেকে প্রাপ্ত ঃ-**

**অর্থনৈতিক সাহায্য বিষয়ক ঃ**

**ইন্দিরাগান্ধী জাতীয় বার্ধক্য ভাতা প্রকল্পঃ**

☆ এই প্রকল্পের মাধ্যমে নির্বাচিত উপভোক্তাদের একটি নির্দিষ্ট পরিমান টাকা মাসিক ভাতা হিসাবে দেওয়া হয়। উপভোক্তা নির্বাচনের শর্তগুলি হল নিম্নলিখিতঃ

☆ আবেদনকারীকে বিপিএল তালিকার অন্তর্ভুক্ত হতে হবে।

☆ আবেদনকারীর বয়স (স্ত্রী/পুরুষ) হতে হবে ৬০ বা তার বেশী।

☆ আবেদনকারীকে একজন সহায় সম্বলহীন বৃদ্ধ বা বৃদ্ধা হতে হবে, যাঁর পরিবার বা অন্য কোন তরফ থেকে নিয়মিত আয় উপার্জনের উৎস নেই।

☆ যোগাযোগ ঃ স্থানীয় গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, পুর সংস্থা।

**জাতীয় পরিবার সহায়তা প্রকল্প ঃ**

☆ এই প্রকল্পের মাধ্যমে বিপিএল তালিকাভুক্ত পরিবারের মূল উপার্জনকারী মারা গেলে তার পরিবার এককালীন আর্থিক সহায়তা পাবে যার পরিমান ১০,০০০ টাকা। মারা যাবার সময় মূল উপার্জনকারী বয়স হতে হবে ১৮ থেকে ৬৫ বছরের মধ্যে।

☆ যোগাযোগ ঃ স্থানীয় গ্রাম পঞ্চায়েত বা পুরসংস্থা

**খাদ্য এবং পুষ্টি বিষয়ক ঃ**

**অন্নপূর্ণা যোজনাঃ**

☆ বিপিএল পরিবারগুলি মধ্যে ৬৫ বছরের বেশী বয়সের সহায়সম্বলহীন বৃদ্ধ বা বৃদ্ধারা যাঁরা বার্ধক্যভাতা পাওয়ার যোগ্য কিন্তু পাচ্ছেন না তাঁদের এই প্রকল্পের মাধ্যমে প্রতিমাসে ১০ কেজি চাল বিনামূল্যে দেওয়া হবে।

☆ আবেদনকারীর পরিবারের তরফ থেকে বা অন্য কোন নিয়মিত সাহায্য বা আয় উপার্জনের উৎস থাকলে চলবে

না।

☆ যোগাযোগ ঃ স্থানীয় গ্রাম পঞ্চায়েত এবং পুরসংস্থা।

**অন্ত্যোদয় অন্নযোজনা ঃ**

☆ এই প্রকল্পের মাধ্যমে বিপিএল তালিকা ভুক্ত পরিবারগুলির মধ্যে যে সব পরিবারের অক্ষম, অশক্ত, অসহায় বৃদ্ধ-বৃদ্ধা, বিধবা, স্বামী পরিত্যক্তা, প্রতিবন্ধী শারীরিক বা মানসিক দুর্বল অথবা ৬৫ বছরের উর্দ্ধে ব্যক্তি আছেন, সেই সব সহায় সম্বলহীন পরিবারগুলিকে কমদামে নির্দিষ্ট পরিমান চাল, চিনি, গম ও কেরোসিন তেল ইত্যাদি দেওয়া হয়।

☆ যোগাযোগ ঃ স্থানীয় গ্রাম পঞ্চায়েত এবং পুরসংস্থা।

**স্বাস্থ্য বিষয়ক ঃ**

**সার্বজনীন স্বাস্থ্যবীমা প্রকল্পঃ**

☆ এই প্রকল্প বিপিএল তালিকার অর্ন্তভুক্ত পরিবারগুলির প্রতি লক্ষ্য রেখে তৈরী হয়েছে যা একক বা পরিবার পিছু ৩০,০০০-টাকা পর্যন্ত হসপিটালে ভর্ত্তি হবার খরচ মিটিয়ে দেয়।

☆ পরিবারে প্রধান আয় উপার্জনকারীর দুর্ঘটনা জনিত মৃত্যুর কারণে ২৫,০০০- টাকা ভর্তুকি নেওয়া হয়।মাথা পিছু বার্ষিক প্রিমিয়ামের পরিমান ৩০০ টাকা, ৫ জনের পরিবার পিছু বার্ষিক প্রিমিয়ামের পরিমান ৪৫০ টাকা এবং ৭ জনের পরিবার পিছু বার্ষিক প্রিমিয়ামের পরিমান ৬০০ টাকা, এবং সবক্ষেত্রেই একই রকম সুবিধা পাওয়া যাবে।

☆ দারিদ্রসীমার নিচে বসবাসকারী পরিবারের ক্ষেত্রে সরকার পরিবার পিছু প্রিমিয়ামের ক্ষেত্রে ১০০-টাকা ভর্তুকি দেবে।

☆ বীমাকারীর বয়স হতে হবে ঃ ৩ মাস থেকে ৭০ বছরের মধ্যে।

☆ যোগাযোগ ঃ কলিকাতা পুরনিগম।

**রাষ্ট্রীয় স্বাস্থ্য বীমা যোজনা ঃ**

☆ এটি দরিদ্রদের জন্য সরকার পরিচালিত স্বাস্থ্য বীমা যা নিখরচায় সরকারী এবং বেসরকারী হাসপাতালে ভর্ত্তির ক্ষেত্রে বীমা পরিসেবা দেয়।

☆ দরিদ্র সীমার নিচে বসবাসকারী যে সমস্ত পরিবার হলুদ রঙের রেশন কার্ড ব্যবহার করে তারা ৩০- টাকা দিয়ে নথীভুক্ত করণের মাধ্যমে একটি বিশেষ ধরনের কার্ড পাবে যাতে তাদের ছবি হাতের আঙ্গুলের ছাপ থাকবে। এই কার্ডের মাধ্যমে তারা ভর্ত্তি সংক্রান্ত চিকিৎসা জনিত খরচ পাবে যার পরিমাণ হল পরিবার পিছু বার্ষিক ৩০,০০০- টাকা এবং যা শুধুমাত্র প্যানেলের অন্তর্ভুক্ত হাসপাতালের ক্ষেত্রেই প্রযোজ্য।

☆ যোগাযোগঃ স্থানীয় গ্রামপঞ্চায়েত এবং জেলাস্তরে স্বাস্থ্যকেন্দ্র।

**বাসস্থান বিষয়কঃ**

**ইন্দিরা আবাস যোজনাঃ**

☆ এই প্রকল্পের মাধ্যমে বিপিএল তালিকাভুক্ত পরিবারকে, দরিদ্র তপশিলী জাতি, উপজাতি, সংখ্যালঘু এবং সাধারণ উপভোক্তাদের নতুন পাকাঘর তৈরী এবং সারানোর জন্য আর্থিক সহয়তা দেওয়া হয়।

☆ নতুন ঘর করলে ৪৫,০০০-টাকা (সমতল ভূমির ক্ষেত্রে) এবং ৪৮,৫০-টাকা (দুর্গম এলাকা ও পাহাড়ী এলাকার ক্ষেত্রে) এবং ঘর সংস্কারের জন্য ১৫,০০০- টাকা করে দেওয়া হয়।

☆ যোগাযোগঃ স্থানীয় গ্রাম পঞ্চায়েত।

**আয় উপার্জন বিষয়কঃ**

**মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান সুনিশ্চিতকরণ আইনঃ**

☆ এর মাধ্যমে গ্রামাঞ্চলে মানুষদের জীবিকার সংস্থান বর্ধন এবং সুনিশ্চিত করা হয়। প্রতিটি গৃহস্থালীর প্রাপ্ত বয়স্ক সদস্যদের যারা সক্ষম এবং শ্রমমূলক কাজ করতে ইচ্ছুক তাদের বছরে ১০০ দিনের মজুরী ভিত্তিক জীবিকার উপায় সুনিশ্চিত করা হয়।

যোগাযোগ স্থানীয় গ্রাম পঞ্চায়েত।

**অন্যান্য প্রকল্পঃ**

**পিতামাতা এবং বয়োজ্যেষ্ঠদের ভরণপোষণ এবং সেবামূলক আইনঃ**

☆ এই আইনের মাধ্যমে পিতা মাতা এবং বয়োজেষ্ঠ্যদের প্রকৃত অর্থে ভরণপোষণ সুনিশ্চিত করা হয়।

☆ যোগাযোগঃ সাবডিভিশন্যাল অফিসার এবং কলিকাতা জন্য মেনটেনান্স ট্রাইবুনাল।

**বিজ্ঞপ্তি**

এতদ্বারা প্রত্যেক সদস্যবৃন্দকে জানানো যাইতেছে যে ইংরাজী ২০১৩-১৪ সালের জন্য সদস্যপদ পুনঃনবীকরনের কাজ ১লা এপ্রিল ২০১৩ থেকে শুরু করা হয়েছে।

আমাদের পূর্ব সিদ্ধান্ত মোতাবেক সদস্যপদ নবীকরণের জন্য টাঃ ১০/-এবং প্রবীন বার্তার বার্ষিক চাঁদা বাবদ টাঃ ১০/- মোট টাঃ ২০/- জমা দিয়ে আগামী ৩০শে মে ২০১৩ তারিখের মধ্যে সদস্যপদ নবীকরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

—ধন্যবাদান্তে

তারিখঃ ০১.০৪.২০১৩

পেলব মুখার্জী

সভাপতি

বেথুন ইন্সটিটিউট অফ জেরিয়াট্রিকস রিসার্চ এন্ড রিহ্যাবিলিটেশন সেন্টারের

**আগামী দিনের কর্মসূচীঃ-**

☆ ১৫ই এপ্রিল (১লা বৈশাখ), ২০১৩
স্থানঃ 'বিমল চ্যাটার্জী অডিটোরিয়াম'
৩৯২এ, প্রিন্স আনোয়ার শাহ্ রোড, কলি-৪৫
সময়ঃ বিকাল ৫ঃ৩০ মিনিট,

☆ ~~শ্রীচৈতন্যদেব সমাজ সংস্কারক হিসাবে অবদান।
তারিখঃ ৪ঠা মে ২০১৩,
স্থানঃ ৬৯ সুবোধ পার্ক রায়নগর, বাঁশদ্রোনী, কলি -৭০
সময়ঃ ৫.৩০ মিনিট।~~

☆ ৮ই মে ২০১৩, রবীন্দ্র জন্ম জয়ন্তী (২৫শে বৈশাখ)
স্থানঃ 'বিমল চ্যাটার্জী অডিটোরিয়াম',
৩৯২এ, প্রিন্স আনোয়ার শাহ রোড, কলি - ৪৫
সময়ঃ বিকাল ৫ঃ৩০ মিনিট,

☆ ২৬শে মে, ২০১৩, নজরুল জন্ম জয়ন্তী
স্থানঃ 'বিমল চ্যাটার্জী অডিটোরিয়াম'
৩৯২এ প্রিন্স আনোয়ার শাহ্ রোড, কলি - ৪৫
সময়ঃ বিকাল ৫ঃ৩০ মিনিট,

☆ ৩১শে জুলাই ২০১৩, বার্ষিক সাধারণ সভা
স্থানঃ 'বিমল চ্যাটার্জী অডিটোরিয়াম'
৩৯২এ, প্রিন্স আনোয়ার শাহ্ রোড কলি-৪৫
সময়ঃ বিকাল ৫টা
সকলের উপস্থিতি একান্ত কাম্য।

ধন্যবাদান্তে

তারিখঃ ০৪.০৪.২০১৩

দীপেশ মিত্র

সম্পাদক

**সকলের কাছে আবেদন ঃ-**

প্রবীন বার্তায় প্রকাশ করার জন্য আপনাদের সকলের কাছে, ছোট গল্প, কবিতা, প্রবন্ধ এছাড়া ও স্বাস্থ্য সংক্রান্ত বিষয়, জেলা ভিত্তিক বয়স্কদের সংস্থা প্রেরিত কোন খবরা খবর, আইন সংক্রান্ত বিষয় পাঠানোর জন্য অনুরোধ করা হচ্ছে,

ধন্যবাদান্তে

তারিখঃ ০৪.০৪.২০১৩

দীপেশ মিত্র

সম্পাদক

**বেথুন ইন্সটিটিউটের শ্রদ্ধার্ঘ**

নারায়ন চন্দ্র ভট্টাচার্য
জন্ম ঃ ২১ শে জানুয়ারী ১৯৩৭
মৃত্যু ঃ ২১ শে ডিসেম্বর ২০১২

Printed by Intergraphics, Published by Dipesh Mitra on behalf of Bethune Institute of Geriatrics Research & Rehabilitation Centre, Ph. : 033 2473 9642, 033-2414 7777 and printed at Intergraphics 1/15A, Prince Gulam Md. Road, Kolkata - 700026 and Published at 392A, Prince Anwar Shah Road, Kolkata - 700045, Editor - Sri Dipesh Mitra.